

জবিতে ১৯২ আসন ফাঁকা রেখেই ক্লাস শুরু

জবি প্রতিনিধি

২২ জানুয়ারি ২০২৩ ০৭:২৭

পিএম | আপডেট: ২২

জানুয়ারি ২০২৩ ০৭:৩১

পিএম

2
Shares



জগন্নাথ বিশ্ববিদ্যালয়। পুরোনো ছবি

advertisement

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের (জবি) ২০২১-২২ শিক্ষাবর্ষে স্নাতক (সম্মান) প্রথম বর্ষের বিভিন্ন অনুষদে ১৯২টি আসন ফাঁকা রেখেই ক্লাস শুরু হয়েছে। আজ রোববার নবম মেরিট লিস্ট প্রকাশ করে শিক্ষার্থী না পাওয়ায় ক্ষেত্রে প্রকাশ করেছেন বিশ্ববিদ্যালয়ের সিনিয়র অধ্যাপকসহ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির নেতারা।

বিশ্ববিদ্যালয় সূত্রে জানা যায়, বিজ্ঞান অনুষদে ১৬৯টি, কলা অনুষদে ২১টি ও ব্যবসায় শিক্ষা অনুষদে ২টি আসন ফাঁকা রেখে নবম মেরিট লিস্ট প্রকাশ করা হয়। এসব অনুষদভুক্ত ডিনদের সঙ্গে কথা বলে জানা গেছে, এখন প্রতিনিয়ত শিক্ষার্থীরা ভর্তি বাতিল করে অন্য বিশ্ববিদ্যালয়ে চলে যাওয়ায় একের পর এক মেরিট লিস্ট প্রকাশ করেও আসন পূরণ করা সম্ভব হচ্ছে না।

advertisement

প্রসঙ্গত, জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে ২০২১-২২ শিক্ষাবর্ষে প্রথম বর্ষে ভর্তির জন্য গুচ্ছ ভর্তি পরীক্ষায় ফলাফলপ্রাপ্ত শিক্ষার্থীদের আবেদন শুরু হয় গত বছরের ১৭ অক্টোবর। অনলাইনে আবেদন চলে ২৭ অক্টোবর পর্যন্ত। পরবর্তীতে শিক্ষার্থী ভর্তির মাধ্যমে আসন পূরণের লক্ষ্যে ধাপে ধাপে ৯টি মেধাতালিকা প্রকাশ করা হয়।